

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ فَاطِمَةَ بِنْتِ الْحُسَيْنِ عَنْ جَدَّتِهَا فَاطِمَةَ الْكُبْرَى رَضِيَ اللَّهُ عَنْهُمْ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ الْمَسْجِدَ صَلَّى عَلَى مُحَمَّدٍ وَسَلَّمَ وَقَالَ: «رَبِّ اغْفِرْ لِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي وَافْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ» وَإِذَا خَرَجَ صَلَّى عَلَى مُحَمَّدٍ وَسَلَّمَ وَقَالَ رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي وَافْتَحْ لِي أَبْوَابَ فَضْلِكَ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَحْمَدُ وَابْنُ مَاجَهُ وَفِي رِوَايَتِهِمَا قَالَتْ: ذُنُوبِي وَافْتَحْ لِي أَبْوَابَ فَضْلِكَ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَحْمَدُ وَابْنُ مَاجَهُ وَفِي رِوَايَتِهِمَا قَالَتْ: إِذَا خَرَجَ قَالَ: «بِسْمِ اللَّهِ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ» بَدَلَ: صَلَّى عَلَى مُحَمَّدٍ وَسَلَّمَ وَلَا الْمَسْجِدَ وَكَذَا إِذَا خَرَجَ قَالَ: «بِسْمِ اللَّهِ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ» بَدَلَ: صَلَّى عَلَى مُحَمَّدٍ وَسَلَّمَ. وَقَالَ التِّرْمِذِيُّ لَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ وَفَاطِمَةُ بِنْتُ الْحُسَيْنِ لَمْ تَدْرِكَ فَاطَمَة الْكُبْرَى

বাংলা

৭৩১-[৪৩] ফাত্বিমাহ্ বিনতু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি তার দাদী ফাত্বিমাতুল কুবরা (রাঃ)হতে বর্ণনা করেছেন যে, ফাত্বিমাতুল কুবরা (রাঃ)বলেছেন, (আমার পিতা) রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যখন মসজিদে প্রবেশ করতেন, মুহাম্মাদের (অর্থাৎ- নিজের) ওপর সালাম ও দর্মদ পাঠ করতেন আর বলতেন, "রব্বিগফির্ লী যুনূবী ওয়াফতাহ লী আব্ওয়া-বা রহমতিকা" (অর্থাৎ- হে পরওয়ারদিগার! আমার গুনাহসমূহ মাফ কর। তোমার রহমতের দুয়ার আমার জন্য খুলে দাও।)। তিনি যখন মাসজিদ হতে বের হতেন, তখন মুহাম্মাদের ওপর দর্মদ ও সালাম পাঠ করতেন আর বলতেন, "রব্বিগফির্ লী যুনূবী ওয়াফতাহ লী আব্ওয়াবা ফাযলিকা" (অর্থাৎ- হে পরওয়ারদিগার! আমার গুনাহসমূহ মাফ করে দাও। আমার জন্য দ্য়ার খুলে দাও।)। (তিরমিয়ী, আহমাদ ও ইবনু মাজাহ্)[1]

কিন্তু আহমাদ ও ইবনু মাজার বর্ণনায় রয়েছে, ফাত্বিমাতুল কুবরা (রাঃ)বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মসজিদে প্রবেশ করতেন এবং এভাবে মাসজিদ হতে বের হতেন, তখন মুহাম্মাদের ওপর দরূদের পরিবর্তে বলতেনঃ আল্লাহর নামে এবং আল্লাহ তা'আলার রসুলের ওপর শান্তি বর্ষিত হোক।[2]

ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটির সানাদ মুক্তাসিল নয়। কেননা নাতনী ফাত্বিমাহ্ তার দাদী ফাত্বিমাহ্ (রাঃ)-এর সাক্ষাৎ পাননি।



ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ৩১৪, আস্ সামারুল মুসতাত্বাব ২/৬০৭। যদিও হাদীসের সানাদে লায়স ইবনু সুলায়ম নামে একজন দুর্বল রাবী রয়েছে কিন্তু এর অনেকগুলো শাহিদমূলক রিওয়ায়াত থাকায় তা সহীহ এর স্তরে পৌঁছেছে।

[2] সহীহ: ইবনু মাজাহ্ ৭৭১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা মসজিদে প্রবেশ করা ও বের হবার সময় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর সালাত (সালাত/নামায/নামাজ) ও সালাম পেশ করা শারী আতসম্মত বলে প্রমাণিত হলো। আহমাদ ও ইবন মাজাহর বর্ণনায় মসজিদে প্রবেশ ও বাহিরের সময় বিসমিল্লা-হ বলা এবং রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি সালাত (সালাত/নামায/নামাজ) ও সালাম পেশ, ক্ষমা প্রার্থনা করার উল্লেখ রয়েছে। প্রবেশের সময় রহমাতের দরজা এবং বের হওয়ার সময় কল্যাণের দরজা খোলার প্রার্থনা করার শিক্ষা পাওয়া যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন